

বুলাও

JUN. 28 2002

Handwritten signature and date



ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে তালিকাভুক্তি

এতদ্বারা সর্টিফিকেট সনাক্তকৃত অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কমপক্ষে ৩ (তিন) বছর অর্থাৎ ৩০-৬-৯৯ তারিখ বা তার পূর্বে ফলাফল প্রকাশিত হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একমুখী সকল গ্র্যাজুয়েট নির্ধারিত রেজিস্ট্রেশন ফি প্রদান করে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের রেজিস্ট্রারে তাদের নাম তালিকাভুক্ত করতে পারবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় অফিস, ১৯৭০-এর আর্টিক্যাল ২০(১)(ক) অনুযায়ী ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের মধ্য থেকে সিনেটে ২৫ জন প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় অফিস, ১৯৭০-এর অধীন প্রথম সংবিধির ৪৬ ধারার (১), (২) ও (৩) উপ-ধারা অনুযায়ী তাদের নাম আঞ্জীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে রেজিস্ট্রারে তালিকাভুক্ত আছে এবং ৩০ সেপ্টেম্বর ২০০২-এর মধ্যে তাঁরা আঞ্জীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট অথবা একত্রে তিন শিক্ষাবর্ষের জন্য তালিকাভুক্ত হবেন, কেবলমাত্র তাঁরাই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। যারা ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে তিন শিক্ষাবর্ষের জন্য তালিকাভুক্ত হতেছিলেন তাদের রেজিস্ট্রেশনের মেয়াদ ৩০ জুন ২০০০ তারিখে শেষ হয়ে গেছে, সতুন রেজিস্ট্রেশন বাতীল তারা এ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

- রেজিস্ট্রেশনের নির্ধারিত ফি নিম্নরূপ :
 - (ক) একত্রে তিন শিক্ষাবর্ষের জন্য রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে তালিকাভুক্তি ফি : ৩০০.০০ টাকা
 - (খ) একত্রে তিন শিক্ষাবর্ষের জন্য রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে এককালীন তালিকাভুক্তি ফি : ১,০০০.০০ টাকা

নির্ধারিত ফরমে আবেদনপত্র এবং নির্ধারিত ফি ৩০ সেপ্টেম্বর ২০০২ তারিখ অপরাক্রমে ৩-০০টার মধ্যে সকল কার্যালয়ে জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস লাক্স (টিএসসি) "ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্র্যাজুয়েট" বাত্রে লগন জমা দিতে হবে। প্রশাসনিক ভবনের ২০৭ নং কক্ষে এবং জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস লাক্স (টিএসসি) থেকে আবেদনপত্রের কনফার্মেট কপি ৫.০০ (পাঁচ) টাকা মূল্যের বিনিময়ে পাওয়া যাবে।

আবেদনপত্রের সঙ্গে চিত্রিত সর্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ৩ কপি ও দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ এবং আঞ্জীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের লায়সেন্সের পরিচয়পত্রের জন্য অথবা দুই কপি স্ট্যাম্প সাইজের ফটোগ্রাফ অবশ্যই জমা দিতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে সকল গ্র্যাজুয়েটের ফলাফল তিন বছর অর্থাৎ ৩০-৬-৯৯ তারিখ বা তার পূর্বে প্রকাশিত হয়নি তারা রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসেবে তালিকাভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন না এবং অন্য কোন বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটগণও আবেদন করতে পারবেন না।

ঢাকা আঞ্জীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসেবে তালিকাভুক্ত আছেন এবং তাদের মধ্যে যারা এখনও লায়সেন্সের পরিচয়পত্রের (Identity Card) জন্য ফি জমা করেননি তারা আঞ্জীবন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট রেজিস্ট্রেশন নম্বর বা ১৯৯৯ সালে সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের স্ট্রীটের তালিকার ক্রমিক নম্বর উল্লেখপূর্বক ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে তার সাথে ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি সংযুক্ত করে অগামী ৩১-৭-২০০২ তারিখের মধ্যে নিম্নবর্ণিত স্থান বরাবরে পঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে।

লাйсেন্সের পরিচয়পত্রের (Identity Card) জন্য ফি জমা দিয়েছেন অথচ এখনও পরিচয়পত্র গ্রহণ করেননি তাঁরা ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অগামী ৩১-৭-২০০২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রশাসনিক ভবনের ২০৭ নং কক্ষ হতে ঠিক পরিচয়পত্র গ্রহণ করতে পারবেন।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন : ৯৬৬১১১ - ঢাকা-১০০০
তারিখ : ২৬ জুন, ২০০২
কোর্স-৬৭৮/০২ (৬'x৩)

রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়